

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত
নৈতিকতা কমিটির প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২১) সভার কার্যবিবরণী**

সভাপতি	:	জনাব কে এম আলী আজম সিনিয়র সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ	:	২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি.
সময়	:	সকাল ১১.০০ টায়
স্থান	:	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়। সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

- পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর সংশোধনী অনুমোদন;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর/২০২১) পর্যালোচনা ও অনুমোদন; এবং
- বিবিধ।

আলোচ্যসূচি কঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কমিটির সকল সদস্যকে কার্যবিবরণীর কপি সরবরাহ করা হয়। কোন সংশোধনী না থাকায় কমিটির সদস্যগণের সম্মতিতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচ্যসূচি খঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর সংশোধনী অনুমোদনঃ

সভায় অবহিত করা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত ০৭/০৬/২০২১ খ্রি. তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১.৫ ক্রমিকের বাস্তবায়ন কর্মকৌশল এবং ৩.১ হতে ৩.৫ ক্রমিকের কার্যক্রমসমূহের বিষয়ে পর্যবেক্ষণ প্রদান করা হয়। পর্যবেক্ষণের আলোকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ সংশোধনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। প্রাপ্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল অনুবিভাগের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সরকারি যানবাহন অধিদপ্তর ও সরকারি কর্মচারী হাসপাতালে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে গত ০৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখে অতিরিক্ত সচিব (শুষ্কলা ও তদন্ত) অনুবিভাগের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত পর্যবেক্ষণের আলোকে ১.৫ ক্রমিকের বাস্তবায়ন কর্মকৌশল এবং ৩.১ হতে ৩.৫ ক্রমিকের কার্যক্রমসমূহের পরিবর্তন ও সংশোধনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাদেরকে স্ব স্ব অনুবিভাগ এবং দপ্তরে বিস্তারিত আলোচনাপূর্বক যথাযথ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সে পরিপ্রেক্ষিতে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ স্ব স্ব অনুবিভাগের কার্যক্রমসমূহ সংশোধন করে দাখিল করেন এবং সরকারি কর্মচারী হাসপাতাল একটি কার্যক্রম অন্তর্ভুক্ত করার জন্য প্রস্তাব প্রেরণ করেন। প্রাপ্ত সংশোধনী প্রস্তাবের

আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ সংশোধন করে নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করা হয়। সভায় সংশোধিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ৩.৪ এবং ৩.৫ ক্রমিকে উল্লিখিত কার্যক্রমের বাস্তবায়ন কৌশল (সংযুক্তি-০৫ এবং সংযুক্তি-০৬) এ কিছু সংশোধনী প্রয়োজন মর্মে মতামত প্রদান করা হয়। সংযুক্তি-০৫ এবং সংযুক্তি-০৬ সংশোধন করে ২৯/০৯/২০২১ খ্রি. তারিখের মধ্যে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট দাখিল করার জন্য সংশ্লিষ্ট অনুবিভাগের যুগ্মসচিব এবং দপ্তর/সংস্থা প্রধানকে নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: জনপ্রশাসন মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ (সংশোধিত) সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ (সংশোধিত) নির্ধারিত ৩০/০৯/২০২১ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি গঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর/২০২১) পর্যালোচনা ও অনুমোদন:

সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর যে সকল কার্যক্রমসমূহের জন্য প্রথম প্রান্তিকে লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল সে সকল কার্যক্রমসমূহ এবং কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রার অর্জন সম্পর্কিত তথ্যাদি তুলে ধরা হয়। বাস্তবায়ন অগ্রগতি তথ্যাদি নিম্নরূপ:

ক্রমিক	কার্যক্রমের ক্রমিক নম্বর ও নাম	গৃহীত কার্যক্রম	বাস্তবায়নকারী অনুবিভাগ/কর্মকর্তা
১	১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন	সভায় জানানো হয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৪(চার) প্রান্তিকে ০৪(চার)টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। এ পরিপ্রেক্ষিতে ২৯/০৯/২০২১ খ্রি. তারিখে প্রথম প্রান্তিকের সভা আহ্বান করা হয়েছে।	অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত) এবং শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট।
২.	১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুস্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি	কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুস্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি বিষয়ে প্রথম প্রান্তিকে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা হলো- (১) স্বাস্থ্যবিধি অনুসরণ: (ক) এ মন্ত্রণালয়ের সেবাগ্রহীতা ও সেবাদাতাদের মাঝে পরিধান ও স্যানিটাইজার ব্যবহার নিশ্চিত করা হচ্ছে। (খ) স্বাস্থ্যবিধি অনুসরণের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের ডিজিটেলস টিমের ১ম ত্রৈমাসিক সভা ২৬.০৯.২০২১ তারিখ অনুষ্ঠিত হয়েছে। (২) অকেজো মালামাল বিনষ্টকরণ/ নিষ্পত্তি: অকেজো মালামাল বিনষ্টকরণ/নিষ্পত্তির লক্ষ্যে এ মন্ত্রণালয়ে কমিটি গঠন করা হয়েছে। (৩) পরিচ্ছন্নতা বৃদ্ধি : দিনে ৫ বার টয়লেটসমূহের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ:	অতিরিক্ত সচিব (প্রশাসন) অনুবিভাগ এবং শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট।

		<p>(ক) গত ১০.০৮.২০২১ তারিখে টয়লেটের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে গণপূর্ত বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।</p> <p>(খ) প্রশাসন-১ শাখা হতে আগস্ট ও সেপ্টেম্বর/২০২১ মাসে জনপ্রশাসন মন্ত্রণালয় সংলগ্ন কমন টয়লেটসমূহ পরিদর্শনের জন্য অফিস আদেশ জারি করা হয়েছে। এছাড়া করোনা পরিস্থিতির কারণে জুলাই/২০২১ মাসে টয়লেট পরিদর্শনের কোন অফিস আদেশ জারি করা হয়নি।</p> <p>(গ) টয়লেটসমূহ পরিদর্শনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক টয়লেটসমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক চাটে স্বাক্ষর করা হচ্ছে।</p> <p>প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী এক্ষেত্রে ১ম প্রান্তিকে নির্ধারিত সকল কর্মকৌশলসমূহ বাস্তবায়িত হয়েছে।</p>	
৩.	১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ নির্ধারিত ০৭/০৬/২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২১) পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত ১৫/১০/২০২১ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে এবং এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হবে।	শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট/যুগ্মসচিব (পিএসিসি)
৪.	১.৭ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ওপর গত ০৬/০৬/২০২১ খ্রি.তারিখে ফিডব্যাক প্রদান করা হয়। অদ্য বেলা ১২.০০ টায় দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২১) বাস্তবায়ন অগ্রগতির ওপরে ফিডব্যাক প্রদান সভা অনুষ্ঠিত হবে।	অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৫.	২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রশাসন-৪ শাখা হতে নির্ধারিত ৩১/০৭/২০২১ খ্রি. তারিখের মধ্যে অনুমোদনপূর্বক ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।	অতিরিক্ত সচিব জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অতিরিক্ত সচিব (প্রশাসন)
		কিন্তু, কোন প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা ৩১/০৭/২০২১ খ্রি. তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হয়নি। সর্বশেষ ২৭/০৯/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ১০টি প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।	
৬.	২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	প্রথম প্রান্তিকে মোট ০৯টি PSC ও ০১টি PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। প্রাপ্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুযায়ী ০৩ টি PSC ও ০১ টি PIC সভা আয়োজন করা হয়েছে।	অতিরিক্ত সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়
৭.	২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	প্রথম প্রান্তিকে ৫% বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। প্রাপ্ত বাস্তবায়ন	অতিরিক্ত সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়

		অগ্রগতি মোতাবেক ০.০৩২% বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত হয়েছে।	
৮.	৩.১ কর্মচারীদের কর্মকৃতি মূল্যায়ন ব্যবস্থার সংস্কার	কর্মচারীদের বিদ্যমান কর্মকৃতি মূল্যায়ন ব্যবস্থার সংস্কারের ক্ষেত্রে প্রথম প্রান্তিকে খসড়া অনুশাসনমালা প্রণয়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। খসড়া অনুশাসনমালা প্রণয়ন করা হয়েছে মর্মে সিপিটি অনুবিভাগ হতে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।	অতিরিক্ত সচিব (সিপিটি)
৯.	৩.২ বিভিন্ন অফিসের নিয়োগবিধি বা প্রবিধানমালা প্রণয়নে দীর্ঘসূত্রিতা পরিহার ও সহজে নিখুঁত সেবা প্রদান নিশ্চিতকরণ	এ ক্ষেত্রে প্রথম প্রান্তিকে দীর্ঘ মেয়াদে অনির্দিষ্ট নথিসমূহ পর্যালোচনা করে তালিকাভুক্তির লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। বিধি অনুবিভাগ হতে প্রেরিত প্রতিবেদন অনুযায়ী তালিকা প্রণয়ন করা হয়েছে।	অতিরিক্ত সচিব (বিধি)
১০.	৩.৩ সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক প্রদত্ত সেবা সহজীকরণ	প্রথম প্রান্তিকে যে সকল কর্মকৌশল বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল তা হলো: ০১) সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের ৩টি অধিশাখা হতে ৩টি মন্ত্রণালয় নির্বাচন করা; ০২) ২০২০-২১ অর্থবছরে উক্ত মন্ত্রণালয় সমূহের কোন কোন প্রস্তাব ফেরত দেয়া হয়েছে তা বাছাইকরণ এবং তালিকা প্রস্তুতকরণ। সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী উক্ত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।	অতিরিক্ত সচিব (সওব্য)
১১.	৩.৫ প্রকল্পের কাজে জবাবদিহিতা নিশ্চিতকরণ	প্রকল্পের কাজে স্বচ্ছতা আনয়নের ক্ষেত্রে প্রথম প্রান্তিকে প্রকল্প পরিদর্শনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রথম প্রান্তিকে কোন প্রকল্প পরিদর্শন করা হয়নি।	অতিরিক্ত সচিব জনপ্রশাসন


সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় যে সমস্ত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে তা মূল্যায়ন করা হয় এবং যথাযথভাবে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়। সভায় যে সমস্ত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনপূর্বক ৩১/০৭/২০২১ খ্রি. তারিখের মধ্যে ওয়েব সাইটে প্রকাশ না করার বিষয়ে যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা) এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিজস্ব একটি প্রকল্পসহ ১০টি প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। অবশিষ্ট প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অতি শীঘ্রই মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। এছাড়া প্রথম প্রান্তিকে মোট ০৯টি PSC ও ০১টি PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। প্রাপ্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুযায়ী ০৩ টি PSC ও ০১ টি PIC সভা আয়োজন করা হয়েছে। এ বিষয়ে যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা) জানান করোনা পরিস্থিতির কারণে প্রথম প্রান্তিকের PSC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব না হলেও বর্তমানে নিয়মিত PSC ও PIC সভা আয়োজন করা হচ্ছে এবং বছর শেষে লক্ষ্যমাত্রা অর্জিত হবে মর্মে বক্তব্য প্রদান করেন। এছাড়া যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা) বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মর্মে বক্তব্য উপস্থাপন করেন। এছাড়া সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২১) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুত করে পর্যালোচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে বিস্তারিত পর্যালোচনা করে তা অনুমোদন দেয়া হয়।

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রমিক	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	সকল প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব (উন্নয়ন) এবং উপসচিব (উন্নয়ন)

২.	প্রকল্প সংক্রান্ত PSC ও PIC সভা শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী আয়োজন নিশ্চিত করতে হবে।	যুগ্মসচিব (উন্নয়ন) এবং উপসচিব (উন্নয়ন)
৩.	শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	যুগ্মসচিব (উন্নয়ন) এবং উপসচিব (উন্নয়ন)
৪.	শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ২য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জনে যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে।	শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল অনুবিভাগ) এবং পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 কে এম আলী আজম
 সিনিয়র সচিব
 ও
 সভাপতি
 নৈতিকতা কমিটি
 জনপ্রশাসন মন্ত্রণালয়।

নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০০১.২০-২০২৬









তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. রেস্টুর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা;
০৩. রেস্টুর, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা;
০৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারি কল্যাণ বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা;
০৫. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬. অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা/সংগঠন ও ব্যবস্থাপনা/বিধি/সিপিটি/প্রশাসন/এপিডি/শৃঙ্খলা ও তদন্ত/আইন অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
০৮. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, নিউ ইস্কাটন, ঢাকা;
০৯. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, আব্দুল গনি রোড, ঢাকা;
১০. পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা;
১১. যুগ্মসচিব (শৃঙ্খলা-১/শৃঙ্খলা-২/বাজেট/সিপি/উন্নয়ন/পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. উপসচিব (শৃঙ্খলা-৫; প্রশাসন-১/২; অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩; উন্নয়ন; অভ্যন্তরীণ নিয়োগ শাখা; সওব্য-১; আইন-১; বিধি-৪; বাংলাভাষা বাস্তবায়ন শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৪. শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা;
১৫. সিনিয়র সহকারী সচিব (শুদ্ধাচার শাখা), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা;
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট (পি.এ.সি.সি.) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড নিশ্চিতকরণের জন্য); এবং
১৭. অফিস কপি/মাস্টার কপি।


(মেহেবী হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪০৮১
dis3@mopa.gov.bd











২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

<p>জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে) প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর/২০২১)</p>			
ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবি	স্বাক্ষর ও তারিখ
০১.	শ্রীমতিঃ বন্দিতা আমিন	সিনিয়র (অতিরিক্ত) সিনিয়র এক্সিকিউটিভ অফিসার	 ২৯/৯/২০২১
০২.			
০৩.	শ্রীঃ ডাঃ এম. মিলান	এটা চার্জিং অফিসার ১৯০ ডিভিশন সিনিয়র	 ২৯/৯/২০২১
০৪.	শ্রীঃ সিরাজুল হক	সিনিয়র এক্সিকিউটিভ অফিসার সিনিয়র এক্সিকিউটিভ অফিসার সিনিয়র	 ২৯.০৯.২১
০৫.	শ্রীঃ মাহবুবুল হক সিনিয়র/অতিরিক্ত	সিনিয়র এক্সিকিউটিভ অফিসার সিনিয়র	
০৬.	শ্রীঃ মাসুদুল হক	সিনিয়র এক্সিকিউটিভ অফিসার (সিনিয়র এক্সিকিউটিভ অফিসার)	 ২৯/৯/২১
০৭.	ড. সুজাৎ চন্দ্র বিনয়	সিনিয়র এক্সিকিউটিভ অফিসার (সিনিয়র এক্সিকিউটিভ অফিসার) সিনিয়র এক্সিকিউটিভ অফিসার	 ২৯/০৯/২১
০৮.	শ্রীঃ আনিসুল হক সিনিয়র	অতিরিক্ত (সিনিয়র এক্সিকিউটিভ অফিসার)	 ২৯.৯.২১
০৯.			
১০.	শ্রীঃ মাসুদুল হক	সিনিয়র এক্সিকিউটিভ অফিসার (সিনিয়র এক্সিকিউটিভ অফিসার)	 ২৯.৯.২১


২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে) প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর/২০২১)			
ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবি	স্বাক্ষর ও তারিখ
০১.	ফরিদা ইয়াসমিন	উপসচিব (উন্নয়ন)	Furqan 29.09.2021
০২.	মো: মনিউর রহমান তালুকদার	উপসচিব (সিবি-৪)	Munir 29.09.2021
০৩.	সি. কে. এম মোস্তফিজুল হক উপসচিব সি. কে. এম. মোস্তাফিজুল হক	উপসচিব সি. কে. এম. মোস্তাফিজুল হক	29/9/2021
০৪.	ড. মোহাম্মদ কামরুজ্জামান	উপসচিব (প্রশাসন) বিদায় প্রদান করা হয়েছে	29/9/2021
০৫.			
০৬.			
০৭.			
০৮.			
০৯.			
১০.			

২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

<p>জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে) প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর/২০২১)</p>			
ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবি	স্বাক্ষর ও তারিখ
০১.	শ্রী: আব্দুল হামিদ মৃগ	সুপারভাইজিং প্রিন্সিপাল	 ২৯/৯/২১
০২.	শ্রী: মো. রওফ কামরুল	সুপারভাইজিং সিএসসি	 ২৯/৯/২১
০৩.	শ্রী: মো. মাসুম	উপসচিব	 ২৯/৯/২০২১
০৪.	ড. মো: মহিউদ্দিন	অতিরিক্ত সচিব সিএসসি	 ২৯/৯/২১.
০৫.	শ্রী: মো. মাসুম হোসেন	অতিরিক্ত সচিব (স্ব: ৬৩)	 ২৯/০৯/২০২১
০৬.	শ্রী: মো. মাসুম হোসেন অতিরিক্ত সচিব (স্ব: ৬৩)	অতিরিক্ত সচিব (স্ব: ৬৩)	 ২৯/৯/২০২১
০৭.	শ্রী: মো. মাসুম হোসেন অতিরিক্ত সচিব (স্ব: ৬৩) এসিও	অতিরিক্ত সচিব	 ২৯/০৯/২০২১
০৮.	শ্রী: মো. মাসুম হোসেন	অতিরিক্ত সচিব সিএসসি	 ২৯/০৯/২১
০৯.	শ্রী: মো. মাসুম হোসেন অতিরিক্ত সচিব	অতিরিক্ত সচিব (স্ব: ৬৩)	 ২৯/৯/২০২১
১০.	শ্রী: মো. মাসুম হোসেন অতিরিক্ত সচিব	অতিরিক্ত সচিব সিএসসি	 ২৯/৯/২০২১

২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবি	স্বাক্ষর ও তারিখ
০১.	মোঃ আফিজুল ইসলাম	উপসচিব ম ৩৫-১ মাঝ	
০২.	মোঃ আফিজুল ইসলাম পরিচালক, বিদ্যাচ	পরিচালক	২৬/৯/২১
০৩.			
০৪.			
০৫.			
০৬.			
০৭.	মহবুবুল মীর চিঠি	উপসচিব, কলেজ মাঝ	মোঃ ফারুক ২৬/৯/২১
০৮.	আব্দুল হান্নান	উপসচিব (অতিরিক্ত) বিদ্যাচ	উপসচিব ২৬/৯/২১
০৯.			
১০.			